মেহেরপুরের ২টি সংসদীয় আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী ঘোষণা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে মেহেরপুরের দুটি আসনে দলীয় প্রার্থী ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। আজ রবিবার মাগুরা শহরের আল আমিন মিলনায়তনে অনুষ্ঠিত এক দায়িত্বশীল সম্মেলনে আনুষ্ঠানিকভাবে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়।

প্রার্থীরা হলেন মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দিন খান ও মেহেরপুর ২ (গাংনী) আসনে জেলা জামায়াতে ইসলামীর শুরা ও কর্মপরিষদ সদস্য গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মো: নাজমুল হুদা।

বাংলাদেশ জামায়াতের যশোর-কুষ্টিয়া অঞ্চলের পরিচালক ও কেন্দ্রীয় নির্বাহী পরিষদের অন্যতম সদস্য মোবারক হোসাইন প্রার্থীদের নাম ঘোষণা করেন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অঞ্চল সহকারী পরিচালক মাওলানা আজিজুর রহমান, অঞ্চল টিম সদস্য অধ্যক্ষ খন্দকার এ কে এম আলী মহসিন, ডক্টর আলমগীর বিশ্বাস, আশেক ইলাইহি, আব্দুল মতিন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি জেনারেল ইকবাল হোসেন প্রমুখ। এদিকে মেহেরপুর জেলার দুটি সংসদীয় আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী ঘোষণা করাই সংগঠনের নেতাকর্মী ও সমর্থকদের মধ্যে নতুন করে উৎসব শুরু হয়েছে।